মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৪-০২-২০২০ তারিখ সকাল ০৯.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন, চেয়ারম্যান।
তারিখ	:	২৪-০২-২০২০ খ্রিঃ।
সময়	:	০৯.৩০ ঘটিকা।
স্থান	:	মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ১৯-০১-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে।	গাড়ী ক্রয়ের জন্য সংশোধিত বাজেটে ২.০০ কোটি টাকা বরাদ্দ রাখার জন্য প্রস্তাব করা হয়েছে। একটি মিনিবাস ক্রয়ের জন্য যাঃ ও তঃ বিভাগ থেকে কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক এসি মিনিবাস ক্রয়ের জন্য প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট হতে দর সংগ্রহ করেছেন। উক্ত দর অনুযায়ী ননএসি মিনিবাসের পরিবর্তে এসি মিনিবাস ক্রয়ের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের কার্যক্রম চলমান।	মিনিবাস/কোস্টার ক্রয়ের জন্য মন্ত্রণালয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন), প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রধান প্রকৌঃ (যাঃওতঃ)
২.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে।	দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আহবানের বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। গত ১৩-০২-২০২০ তারিখে নৌপমে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভিন্ন বিভাগ ভিত্তিক অমীমাংসিত অডিট আপত্তির আলাপ আলোচনা ও যোগাযোগ অব্যাহত রয়েছে।	আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল বিভাগ/কোষ প্রধান প্রধান নিরীক্ষা কর্মকর্তা
৩.	মবক'র অফিস ও আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে।	আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা ও সার্বিক বিষয়ে মনিটরিং করার জন্য সিবিএ এর নিকট হতে কমিটি গঠনের প্রস্তাব পাওয়া গিয়েছে। উক্ত প্রস্তাবনা অনুযায়ী অফিস আদেশ জারী করতে হবে।	আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন), সকল বিভাগ / কোষ প্রধান, সভাপতি / সাধারণ সম্পাদক, সিবিএ
৪.	পরিত্যক্ত ভবনের তালিকা প্রস্তুত প্রসঙ্গে।	০৭-০১-২০২০তারিখে ২৬৮তম বোর্ড সভায় পরিত্যাক্ত ভবনের তালিকা অনুমোদন হয়েছে। উক্ত ভবনসমূহের সংরক্ষিত মূল্য নির্ধারণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়েছে। ১। জনাব মোঃ বজলুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ), মবক, মোংলা। ২। জনাব গোলদার শাহবাজ, উপ-প্রধান, অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, মবক, মোংলা। ৩। ডি এম রওশন আলী, উর্দ্ধতন উপ-ব্যবস্থাপক (প্রশাসন), মবক, মোংলা। ৪। উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি (২য় শ্রেণির নিচে নহে), সদস্য।	মূল্য নির্ধারণ প্রতিবেদন কমিটির সকল সদস্যের স্বাক্ষরপূর্বক কর্তৃপক্ষের নিকট অবিলম্বে দাখিল করতে হবে। খুলনার পরিত্যক্ত ভবনের নিলাম কার্য সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মূল্য নির্ধারণ কমিটি
৫.	মবক'র পতিত জমি লীজ প্রদান	এ বিষয়ে সিবিএর সভাপতি জানান যে, মবক'র পতিত জমি কৃষি কাজ/মাছ চাষের জন্য উন্মুক্ত পদ্ধতিতে ইজারা প্রদান করা হলে বর্তমানে ব্যবহৃত ব্যক্তিগণের অসুবিধা হবে এবং বাহিরের লোক ইজারা পেলে মবক'র কর্মকর্তা ও কর্মচারীদের সাথে বিরোধ দেখা দিতে পারে। সভায় আলোচনা হয় যে, সিবিএ এর প্রতিনিধি, মেয়র মহোদয়সহ মবক'র চেয়ারম্যান মহোদয়ের সমন্বয়ে উল্লেখিত জায়গাসমূহ প্রদর্শন করে লীজ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। আগামী ০১লা বৈশাখ হতে পতিত জমির লীজ প্রদান করতে হবে।	আগামী এক সপ্তাহের মধ্যে প্লটিং আকারে নকশা সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি), মোংলা

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৬.	ঢাকাস্থ মবক'র লিঁয়াজো অফিস কাম- রেস্ট হাউজের ফ্লাট/ফ্লোর ক্রয় সংক্রান্ত	ক. এ বিষয়ে গত ০৯-০২-২০২০ তারিখে নৌপমে পত্র প্রেরণ করা হয়েছে। খ. বেসরকারি জায়গা ক্রয়ের বিষয়ে নিম্নরুপ কমিটি গঠন করা হয়েছেঃ- ১। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা। ২। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, মবক, মোংলা। ৩। প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ), মবক, মোংলা। ৪। উর্দ্ধতন উপ-ব্যবস্থাপক (প্রশাসন), মবক, মোংলা। ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, মবক, মোংলা।	কমিটি জরুরী ভিত্তিতে জমি/ফ্লাট/ফ্লোর ক্রয়ের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। উক্ত কমিটিতে হারবার মাস্টারকে অন্তর্ভুক্ত করতে হবে।	উপ-ব্যবস্থাপক (সম্পত্তি), মোংলা
৭.	লাশ বহনের জন্য গাড়ী ও কফিনের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।	২০১৯-২০২০ অর্থ বছরে বাজেট সংকুলান না হওয়ায়, সংশোধিত বাজেট হতে ব্যয় নির্বাহের বিষয়ে সম্মতি প্রদানের জন্য ইতোমধ্যে নথি অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করা হয়েছে।	সভায় প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, গাড়ির মেরামতের জন্য বাজেটের ব্যবস্থা করা যাবে। সুতরাং, বাজেটীয় মতামতের জন্য পুনরায় হিসাব বিভাগের নথি প্রেরণ করতে হবে।	সহকারী ব্যবস্থাপক (কঃ সাঃ)
৮.	পারিজাতের পিছনে নদী ভাঙ্গন প্রসঙ্গে।	বিষয়টি Loc তে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং সিঃ ও হাঃ বিভাগ কর্তৃক পানি উন্নয়ন বোর্ডকে গত ০৯-১২-২০১৯ তারিখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।	পানি উন্নয়ন বোর্ডের চাহিদা মোতাবেক দ্রুত লে-আউট প্রদান করতে হবে এবং যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
৯.	গাড়ীর সেট-আপ সংশোধন এবং টিএন্ডডিতে অন্তর্ভুক্ত প্রসঙ্গে।	মবক'র জনবল বৃদ্ধির সাথে সাথে প্রস্তাবিত সেট-আপে উল্লেখিত কর্মকর্তাদের প্রাধিকার অনুযায়ী যানবাহন বৃদ্ধির জন্য সংশোধিত সেট-আপের খসড়া কার্যপত্র বোর্ডে উপস্থাপনের কার্যক্রম চলমান। যানবাহন ব্যবহার সংক্রান্ত টিএন্ডডি তে প্রয়োজনীয় সংখ্যক গাড়ী অন্তর্ভুক্ত করে টিএন্ডডি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	ক) সেট-আপ সংশোধন করে গাড়ি বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা নিতে হবে। খ) গাড়ি স্বল্পতার কারণে বন্দরের কার্যক্রমের সমস্যার সৃষ্টি হচ্ছে এ প্রেক্ষিতে সেট-আপে যে গাড়িগুলির সংস্থান রাখা আছে সেগুলোর মধ্যে ক্রয় না করা পর্যন্ত সরকারি নির্দেশনামতে আউটসোর্সিং এর মাধ্যমে গাড়ির ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন)
১০.	শ্রম ও কল্যান হাসপাতালে জনবল নিয়োগ প্রসঙ্গে।	শ্রম ও কল্যান হাসপাতালে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ইকুপমেন্ট ক্রয় করতে হবে এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের অবিলম্বে নিয়োগপত্র প্রেরণ করতে হবে। এছাড়া আগামী এক সপ্তাহের মধ্যে প্রধান চিকিৎসা কর্মকর্তা কর্তৃক লেডি ডাক্তার খুঁজে বের করতে হবে। উল্লেখ্য যে, উক্ত হাসপাতালটি আপগ্রেডেশন করার জন্য Loc তে অন্তর্ভুক্ত করতে হবে।	ডাক্তার নিয়োগ করা হয়েছে। হাসপাতালে অবকাঠামো মেরামত সম্পন্ন হয়েছে। হাসপাতালের পূর্ন কার্যক্রম চালু করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও প্রধান চিকিৎসা কর্মকর্তা
১১.	মবক'র বন্দর আবাসিক এলাকায় শিশু পার্ক তৈরী প্রসঙ্গে।	মবক'র মাধবী ও মালতি আবাসিক এলকায় ২টি শিশুপার্ক নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, সিবিএ'র সভাপতি জানান যে, Loc তে অন্তর্ভক্ত প্রকল্পসমূহের আপগ্রেডেশন এর একটি বুকলেট তৈরী করে সকল সদস্য, বিভাগীয়/কোষপ্রধান, অফিসার্স অ্যাসোসিয়েশন এর প্রতিনিধি ও সিবিএ'র প্রতিনিধি কে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	শিশু পার্কের জন্য নির্ধারিত জায়গা ও বিনোদনের ব্যবস্থাসমূহ চেয়ারম্যান মহোদয়কে অবহিত করে পার্কের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	পরিকল্পনা প্রধান ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
১২.	মবক'র পাইলটদের ইউনিফর্ম পরিধান প্রসঙ্গে।	প্রশাসন ও হারবার বিভাগের কর্মকর্তার সমন্বয়ে নীতিমালা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। হারবার মাস্টার জানান যে, এ বিষয়ে একটি নীতিমালা প্রস্তুতপূর্বক প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়েছে।	প্রস্তুতকৃত নীতিমালাটি অনুমোদনের জন্য আগামী বোর্ড সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী ব্যবস্থাপক (কঃ ও সাঃ)
১৩.	মবকতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা এবং বনভোজন-২০২০ প্রসঙ্গে।	মবকতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা এবং বনভোজন-২০২০ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত টিম ম্যানেজার কর্তৃক স্ব-স্ব দলের হিটের চূড়ান্ত তালিকা পাওয়া গেলে আগামী ০৮-০৩-২০২০ তারিখে বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা যেতে পারে। এ বছরে মবক'তে ইতোমধ্যে বিভিন্ন বিভাগ কর্তৃক বিভাগওয়ারী পিকনিকের আয়োজন করা হয়েছে বিধায় আলাদাভাবে বার্ষিক পিকনিক না করে বন্দর দিবসটি আলোম্বরভাবে উদযাপন করা হবে মর্মে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন।	বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান উপলক্ষ্যে গঠিত টিম ম্যানেজার কর্তৃক স্ব-স্ব দলের হিটের চূড়ান্ত তালিকা প্রস্তুত করতে হবে। আগামী ০৮-০৩-২০২০খ্রিঃ বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতার তারিখ নির্ধারণ করা হয়।	পরিচালক (প্রশাসন)

ক্রমিক	আলোচ্য বিষয়	বিগত সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৪.	মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এ ব্যবহৃত মবক'র বকেয়া বিদ্যুৎ বিল প্রসঙ্গে।	বর্ণিত প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন যাবৎ মবক'র বিদ্যুৎ ব্যবহার করা সত্ত্বেও বারবার তাগিদ দিয়েও বিদ্যুৎ বিল পরিশোধ করছেন না। তাছাড়া পিডিবির বিদ্যুৎ থাকা সত্ত্বেও মবক'র বিদ্যুৎ ব্যবহার করছেন। উল্লেখ্য যে, মবক হতে লাইন বিছিন্ন করার জন্য বারবার লোক পাঠালেও বাধাগ্রস্থ হয়ে ফিরে আসে। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।	বিদ্যুৎ বিল আদায়ের ব্যবস্থা নিতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
১৫.	ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছের সংখ্যা ও পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।	গত নভেম্বর ২০১৯ এ ঘূর্ণিঝড় বুলবুল আঘাত হানার কারণে মবক'র বহু গাছ উপড়ে পড়ে। তার সঠিক সংখ্যা কত? হারবার বিভাগ ও মেরিন বিভাগ সরকারি কাজে নির্দিষ্ট কয়েকটি গাছ চেয়েছে তা অদ্যবধি দেওয়া হয় নি। বাকি গাছ বিধি মোতাবেক নিলাম করা হয়েছে কিনা? নিলাম হলে দর কত উঠেছে এবং কবে গাছগুলো অপসারণ করা হবে? এ সকল তথ্য সভায় উপস্থাপনের জন্য সদস্য (হাঃ ও মেঃ) মহোদয় অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সভায় আলোচনা হয় যে, বন বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত রেট সংগ্রহ করে গাছগুলো নিলামে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে এবং সদস্য (হাঃ ও মেঃ) মহোদয়ের চাহিত অনুযায়ী কয়েকটি গাছ দাপ্তরিক কাজের প্রয়োজনে সরকারি নিয়মানুযায়ী সরবারহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বন বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত গাছগুলি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মেরিন ও হারবার বিভাগের চাহিত অনুযায়ী গাছ সরবরাহের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)
১৬.	ড্রেজিং মেটেরিয়াল এর হিসাব প্রসঙ্গে।	গত ০৩ বছরে ড্রেজিং মেটেরিয়াল যা state dept- এর নিকট হস্তান্তর করা হয়েছে তার হিসাব, তার খরচের হিসাব, বাকী স্থিতির হিসাব উপস্থাপনের জন্য সদস্য (হাঃ ও মেঃ) মহোদয় অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে, ড্রেজিং মেটেরিয়াল এর পরিমান সিঃ ও হাঃ বিভাগ হতে সম্পত্তি শাখাকে হস্তান্তর/বুঝিয়ে দেয়া হয়না। তবে যে পরিমান ড্রেজিং মেটেরিয়াল বিক্রয় করা হয় তার হিসাব নথিতে আছে। এছাড়া খরচের/বিক্রয়ের হিসাব রেজিস্টারে সংরক্ষণ করা হয়। ড্রেজিং এর মেটেরিয়াল পরিমাণ দ্রুত সরিয়ে ফেলার জন্য প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) সভাপতি মহোদয়কে সুপারিশ করেন।তদ্রেপক্ষিতে দ্রুত ড্রেজিং মেটেরিয়াল সরিয়ে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়।	ড্রেজিং কাজের সুবিধার্থে দ্রুত ড্রেজিং মেটেরিয়াল সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর যথাযথ হিসাব সংরক্ষণ করতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)
১৭.	জমি অস্থায়ী ভিত্তিতে অনুমোদন প্রসঙ্গে।	গত ০১ বছরের যে সকল জমি অস্থায়ী ভিত্তিতে ব্যবহারের জন্য দেওয়া হয়েছে যা ভূমি বরাদ্দ বাছাই কমিটি, অথবা বোর্ডের অনুমোদনের মাধ্যমে দেওয়া হয়নি তার তালিকা নিম্নে উপস্থাপন করা হলোঃ- ১। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, স্বত্তাধিকারী মেসার্স মঈনুল ইসলাম মিলন এর অনুকূলে ৪০৪৮ বর্গমিটার ২। জনাব মোঃ মুজিবুর রহমান এর অনুকূলে ১৪৯ বর্গমিটার ৩। জনাব মোঃ শফিকুর রহমান এর অনুকূলে ১৪ বর্গমিটার এবং ৪। মেসার্স ভাই ভাই ট্রেডার্স এর অনুকূলে ১৪৮৭ বর্গমিটার জমি মবক হতে ব্যবহারের অনুমতি প্রদান করা হয়েছে।	মবক'র সকল জমি অস্থায়ী ভিত্তিতে ব্যবহারের জন্য ভূমি বরাদ্দ বাছাই কমিটির মাধ্যমে ইজারা প্রদান করতে হবে।	সম্পত্তি শাখা, মোংলা
১৮.	মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা	মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা আলোচনার মাধ্যমে চুড়ান্ত করার কথা ছিল, খসড়া নীতিমালার বিষয়ে সদস্য (হারবার ও মেরিন) ইতোপূর্বে কিছু মতামত প্রদান করেন। এ প্রেক্ষিতে খসড়া নীতিমালা সকল বিভাগীয় প্রধানকে মতামত প্রদানের জন্য সরবরাহ করা হয়েছে এবং প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান নিরীক্ষা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) এর সাথে নীতিমালা নিয়ে পরিচালক (প্রশাসন) এর সভাপতিত্বে একটি সভা করা হয়েছে। নীতিমালা চূড়ান্তকরণের জন্য চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে মেয়র, মোংলা পোর্ট পৌরসভা ও মবক'র সমন্বয়ে চূড়ান্ত করা হবে। এ বিষয়ে সিবিএ'র সভাপতি মহোদয় জনান যে, অনুমোদন ব্যতীত বিল্ডিং তৈরী করা অযৌক্তিক বিধায় পৌরসভাকে পত্রের মাধ্যমে জানিয়ে দেয়া দিতে হবে।	ক) মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা চূড়ান্তকরণের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) সিঃ ও হাঃ বিভাগ কর্তৃক অনুমোদন ব্যতীত বিল্ডিং তৈরী করা অযৌক্তিক, বিষয়টি পৌরসভাকে পত্রের মাধ্যমে জানিয়ে দিতে হবে। গ) লে-আউট অনুমোদনের জন্য দ্রুত নথি উপস্থাপন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ব্যবস্থাপক (প্রশাসন)

ক্রমিক	আলোচ্য বিষয়	বিগত সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৯.	সোনালী ব্যাংকের নতুন ভবন নির্মাণ ও ট্রাস্ট ব্যাংকের ATM বুথের জন্য প্রদত্ত স্থান প্রসঙ্গে।	সোনালী ব্যাংকের নতুন ভবন নির্মাণ ও ট্রাস্ট ব্যাংকের ATM বুথের জন্য প্রদত্ত স্থানের বিষয়ে সর্বশেষ অবস্থা সভায় উপস্থাপনের জন্য সদস্য (হাঃ ও মেঃ) মহোদয় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় আলোচনা হয় যে, আউটসোর্সিং এ অথবা মবক'র নিজস্ব অর্থায়নে কমার্শিয়াল বিল্ডিং তৈরী করে ট্রাস্ট ব্যাংক, সোনালি ব্যাংকসহ আরোও শিপিং এজেন্টদের ভাড়া দেয়ার বিষয়ে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষিতে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, নিজস্ব অর্থায়নে ২০ (বিশ) তলা ভবন তৈরী করা সম্ভব। এ বিষয়ে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন যে, সরকারি টাকায় করতে গেলে কমার্শিয়াল বিল্ডিং নির্মাণ করতে গেলে অনুমোদন পাওয়া না ও যেতে পারে। এ কারণে মবক'র নিজস্ব অর্থায়নে করাই যুক্তিযুক্ত। অতঃপর সিঃ ও হাঃ বিভাগ কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত নথি উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, পরিচালক (ট্রাফিক) জানান যে, জনতা ব্যাংকের সামনে ফাঁকা জায়গায় কমার্শিয়াল বিল্ডিং নির্মাণ করা হলে ব্যবসায়ীরা উৎসাহিত হবে।	সোনালী ব্যাংক ও ট্রাস্ট ব্যাংক এর জায়গার বিষয়ে ভূমি বরাদ্দ বাছাই কমিটির সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রঃ), পরিচালক (ট্রাঃ), প্রঅহিরক, পরিঃ প্রধান ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
২০.	বাংলালিংক কর্পোরেট লাইনের সিমের সাথে এসএমএস ব্রড কাস্ট এর সুবিধা প্রসঙ্গে আলোচনা।	এ বিষয়ে হারবার মাস্টার জানান যে, কর্পোরেট সিম যাদেরকে সরবরাহ করা হয়েছে সকলকে কর্পোরেট সিম ব্যবহার নিশ্চিত করতে হবে। কর্পোরেট সিমের সাথে এসএমএস ব্রড কাস্ট এর সুবিধা সম্পর্কিত বিষয়ে সভায় আলোচনা হয়।	মবক'তে যে সকল সভা অনুষ্ঠিত হয়, উক্ত সভাসমূহের নোটিশ কর্পোরেট সিমে ম্যাসেজ এর মাধ্যমে প্রদান করতে হবে। ম্যাসেজ তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপক (প্রঃ) ও হারাবার মাস্টার
২১.	লেডি ডাক্তার নিয়োগ প্রসঙ্গে।	সিবিএ'র সভাপতি মহোদয় জানান যে, বন্দর হাসপাতালে কোন লেডি ডাক্তার না থাকায় আবাসিকে বসবাসরত মহিলাদের চিকিৎসা প্রদানে খুব অসুবিধা সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে দৈনিক বেতনভুক্ত/থোক বরাদ্দের মাধ্যমে একজন লেডি ডাক্তার নিয়োগের বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তাকে আগামী এক সপ্তাহের মধ্যে যোগাযোগের মাধ্যমে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা ও সিদ্ধান্ত হয়।	অবিলম্বে বন্দর হাসপাতালে একজন লেডি ডাক্তার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান চিকিৎসা কর্মকর্তা
২২.	কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প এবং নিরাপত্তা বিভাগের লোক নিয়োগ প্রসঙ্গে।	নিরাপত্তা বিভাগের আবশ্যক কর্মচারী এবং কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্পের কর্মচারী নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	জরুরী ভিত্তিতে লোক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপক (প্রঃ) ও সহকারী ব্যবস্থাপক (কর্ম)
২৩.	সাময়িকী ও ব্রোশিয়ার প্রকাশ প্রসঙ্গে।	সিবিএ'র সভাপতি মহোদয় জানান যে, মোংলা বন্দর কর্তৃপক্ষের একটি সাময়িকী এবং প্রকল্পের বিষয়ে একটি ব্রোশিয়ার তৈরী করা একান্ত আবশ্যক। এ প্রেক্ষিতে একটি সাময়িকী এবং একটি ব্রোশিয়ার প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন।	মোংলা বন্দর কর্তৃপক্ষের একটি সাময়িকী এবং প্রকল্পসমূহের বিষয়ে একটি ব্রোশিয়ার প্রকাশের ব্যবস্থা নিতে হবে।	সচিব (বোওজস) ও পরিকল্পনা প্রধান

অতঃপর, সভাপতি মহোদয় সকলের উদ্দেশ্য বলেন যে, মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় যোগদানের পর দপ্তরে ফিরে এসে মবক সংশ্লিষ্ট আলোচিত তথ্যাদি সকল বিভাগকে লিখিতভাবে অবহিত করবেন। যাতে করে উক্ত বিষয়সমূহের উপর ব্যবস্থা নেওয়া যায়। জমি লীজ, মাস্টার প্লান প্রণয়ন, কমার্শিয়াল ইউজ, মবক'র আবাসিক ভবন ও শিশু পার্ক নির্মাণ এবং Loc এর আপগ্রেডেশন বিষয়ে সকলকে গভীরভাবে পর্যালোচনা করে সুপারিশ প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ০৩-০৩-২০২০
রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- মার্চ ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

.... মবক, মোংলা।

<u>অনুলিপি:</u>

১। সদস্য ( ), মবক, মোংলা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ০৩-০৩-২০২০
মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)